

PRINT

# সমকাল

## উচ্চ মাধ্যমিকের ফল আজ

১৩ ঘণ্টা আগে

### সমকাল প্রতিবেদক

এবারের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষার ফল আজ বুধবার একযোগে প্রকাশ হবে। রেওয়াজ অনুযায়ী, সকাল ১০টায় ফলের সারসংক্ষেপ প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে তুলে দেবেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। তার সঙ্গে থাকবেন দেশের ১১টি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান। এর পর দুপুর সাড়ে ১২টায় শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে সংবাদ সম্মেলনে বিস্তারিত ফল গণমাধ্যমের কাছে তুলে ধরবেন তিনি। দুপুর ১টায় ফল প্রকাশ করা হবে।

ফল প্রকাশের পর শিক্ষার্থীরা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে 'রেজাল্ট' কনারে ক্লিক করে ইআইআইএন নম্বর দিয়ে প্রতিষ্ঠানভিত্তিক রেজাল্ট শিট ডাউনলোড করতে পারবে। এ ছাড়া জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় থেকে রেজাল্ট শিটের হার্ড কপি সংগ্রহ করা যাবে। তবে বোর্ড থেকে কোনো হার্ড

কপি সরবরাহ করা হবে না। আগামীকাল বৃহস্পতিবার থেকে সাত দিন পর্যন্ত ফল পুনর্নিরীক্ষণের আবেদন করা যাবে।

গত ১ এপ্রিল ২০১৯ সালের এইচএসসি ও সমমানের তৃত্বীয় পরীক্ষা শুরু হয়। শেষ হয় ১১ মে। এরপর ১২ মে ব্যবহারিক পরীক্ষা শুরু

হয়ে ২১ মে তা শেষ হয়। এবারের এইচএসসি ও সমমানের পরীক্ষায় পরীক্ষার্থী ছিল ১৩ লাখ ৫৮ হাজার ৫০৫। এর মধ্যে আটটি সাধারণ বোর্ডের অধীনে এইচএসসিতে পরীক্ষার্থী ১১ লাখ ৩৮ হাজার ৫৫০। এ ছাড়া মাদ্রাসার আলিমে ৮৮ হাজার ৪৫১ এবং কারিগরিতে এইচএসসি (বিএম) এক লাখ ২৪ হাজার ২৬৪ পরীক্ষার্থী অংশগ্রহণ করে।

যেভাবে পুনর্নিরীক্ষার আবেদন :ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মু. জিয়াউল হক গতকাল মঙ্গলবার বিকেলে জানান, টেলিটক মোবাইল ফোনে আগামী ১৮ থেকে ২৪ জুলাই পর্যন্ত এইচএসসি ও সমমানের ফল পুনর্নিরীক্ষার আবেদন করা যাবে। ফল পুনর্নিরীক্ষণের আবেদন করতে জব্ব্ব লিখে স্পেস দিয়ে শিক্ষা বোর্ডের নামের প্রথম তিন অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে বিষয় কোড লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। ফিরতি

এসএমএসে ফি বাবদ কত টাকা কেটে নেওয়া হবে তা জানিয়ে একটি পিন নম্বর (পার্সোনাল আইডেন্টিফিকেশন নম্বর) দেওয়া হবে। আবেদনে রাজি থাকলে জবাস্ট লিখে স্পেস দিয়ে গুঁড়ি লিখে স্পেস দিয়ে পিন নম্বর লিখে স্পেস দিয়ে যোগাযোগের জন্য একটি মোবাইল নম্বর লিখে ১৬২২২ নম্বরে এসএমএস পাঠাতে হবে। প্রতিটি বিষয় ও প্রতি পত্রের জন্য দেড়শ' টাকা হারে চার্জ কাটা হবে। যেসব বিষয়ের দুটি পত্র (প্রথম ও দ্বিতীয় পত্র) রয়েছে, সেসব বিষয়ের ফল পুনর্নিরীক্ষার আবেদন করলে দুটি পত্রের জন্য মোট ৩০০ টাকা ফি কাটা হবে। একই এসএমএসে একাধিক বিষয়ের জন্য আবেদন করা যাবে। এক্ষেত্রে বিষয় কোড পর্যায়ক্রমে 'কমা' দিয়ে লিখতে হবে। তবে অনলাইন ছাড়া অন্য কোনোভাবে আবেদন গ্রহণ করা হবে না।

---

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:  
ad.samakalonline@outlook.com